ভবনের প্রয়োগ পরিকল্পনা

ভূমিকা

ইনভিক্টাস প্রিপেরাটরি চার্টার স্কুল (84কে386, "ইনভিক্টাস") একটি বিদ্যমান সরকারি চার্টার স্কুল যা পঞ্চম থেকে সপ্তম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রীদের শিক্ষাদান করে থাকে, এবং বর্তমানে পঞ্চম থেকে অষ্টম শ্রেণিতে উন্নীতকরণ প্রক্রিয়ারত, যা কে218 ("কে218") ভবনে হতে চলেছে যেটি 370 ফাউন্টেন এভিনিউ ব্রুকলিন এনওয়াই 11208-এ স্থিত সামুদায়িক বিদ্যালয় জিলা 19 ("জিলা 19")-এ অবস্থিত। ইনভিক্টাস সহাবস্থান করছে জে.এই.এস. 218 জেমস পি সিনট (19কে218, "জে.এইচ.এস. 218"), বিদ্যমান নিউইয়র্ক শহরের শিক্ষা বিভাগের ("DOE") মধ্যম বিদ্যালয় (মিডল স্কুল) যা ষষ্ঠ থেকে অষ্টম গ্রেডের ছাত্রছাত্রীদের পরিষেবা দেয় এবং একটি বিদ্যমান নবম থেকে দ্বাদশ গ্রেড পর্যন্ত পরিষেবা দেয় এমন জেলা উচ্চ বিদ্যালয়, স্কুল ফর ক্লাসিকসঃ চিন্তাবিদ, লেখক এবং শিল্পীদের একটি শিক্ষায়তন (19K683, "দি স্কুল ফর ক্লাসিকস")। K218 ভবনে একটি বিকন (পথনির্দেশক) কার্যক্রমও অবস্থিত আছে। একটি "সহাবস্থান" মানে হল দুটি বা তার বেশী বিদ্যালয় প্রতিষ্ঠান একই ভবনে অবস্থিত এবং সাধারণ স্থানগুলি যেমন প্রেক্ষাগৃহ (অডিটোরিয়াম), ব্যায়ামাগার (জিমন্যাসিয়াম) এবং ভোজনালয় (ক্যাফেটেরিয়া) নিজেদের মধ্যে ভাগাভাগি করে ব্যবহার করতে পারে। এই প্রস্তাবটি হল K218 ভবনে ইনভিক্টাসের পঞ্চম থেকে অষ্টম গ্রেড পর্যন্ত স্থায়ী সহাবস্থান গড়ে তোলার জন্য।

2011 সালের 27শে জুন, শিক্ষামূলক নীতির প্যানেল ("PEP") , আসলে 31শে জানুয়ারী, 2011-এ প্রকাশিত এবং 26শে মে, 2011-এ সংশোধিত একটি প্রস্তাবে অনুমোদন দেয় সাময়িক ভাবে ইনভিক্টাসকে K218 ভবনে 2011-2012 থেকে 2014-2015 শিক্ষাবর্ষ পর্যন্ত সহাবস্থানের জন্য। অনুমোদিত প্রস্তাবটিতে বলা হয়েছে যে DOE, K218 এবং অন্যান্য জেলা 19 অবস্থান গুলির মূল্যায়ন করবে এবং 2015-16 এবং তার পরের শিক্ষাবর্ষগুলির জন্য সবচেয়ে যথাযথ উপলব্ধ জায়গার উপর ভিত্তি করে ইনভিক্টাসের দীর্ঘমেয়াদি অবস্থানের জন্য একটি নতুন শিক্ষামূলক প্রভাবের বিবৃতি ("EIS") জারী করবে। মূল্যায়ন সম্পূর্ণ করার পর DOE নির্ধারণ করে যে K218, ইনভিক্টাসের পঞ্চম থেকে অষ্টম গ্রেড পর্যন্ত দীর্ঘমেয়াদি অবস্থানের জন্য সর্বাপেক্ষা যথাযথ স্থান এবং এই কারণে এই প্রস্তাব জারী করছে। এই প্রস্তাব 27শে জুন, 2011-এ PEP দ্বারা অনুমোদিত অস্থায়ী সহাবস্থানের প্রস্তাবের স্থান অধিকার করবে।

1998 সালের নিউ ইয়র্ক রাজ্য চার্টার স্কুল আইন (যেরূপ মে, 2010-এ সংশোধিত) অনুসারে, নিচে উল্লিখিত পরিকল্পনাটি জে.এই.এস. 218, দি স্কুল অফ ক্লাসিকস এবং ইনভিক্টাসের মধ্যে শ্রেনীকক্ষের বন্টনের রূপরেখা দেয়। এটির মধ্যে জে.এই.এস. 218, দি স্কুল অফ ক্লাসিকস এবং ইনভিক্টাসের মধ্যে যৌথভাবে ব্যবহৃত পরিসম্পদ ও জায়গার সহযোগিতামূলক ব্যবহারের জন্য একটি প্রস্তাবও অন্তর্ভূক্ত করা হয়েছে, যার মধ্যে আছে, কিন্তু সীমাবদ্ধ নয় ভোজনালয় (ক্যাফেটেরিয়া), গ্রন্থাগার (লাইব্রেরী), ব্যায়ামাগার (জিমনেশিয়াম) এবং বিনোদনমূলক ক্ষেত্রের সহযোগিতামূলক ব্যবহার, যা এই ধরণের সুবিধাগুলির ন্যায়সঙ্গত অধিগম্যতা সুনিশ্চিত করে। ভবনের সুরক্ষা এবং নিরাপত্তার উপরে প্রভাব, সহাবস্থিত স্কুলগুলির মধ্যে প্রস্তাবিত যোগাযোগের কৌশল এবং সহযোগিতার সিদ্ধান্ত নেওয়া এবং ভাগাভাগি করে নেওয়া স্থান সমিতির বিবরণও এখানে অন্তর্ভূক্ত করা হল। প্রস্তাবিত সহাবস্থানের সম্পর্কে আরো তথ্যের জন্য এই পরিকল্পনা যাতে সংযুক্ত করা হয়েছে, সেই EIS পড়ে দেখুন।

এই নথিতে আগাগোড়া যেভাবে বর্ণিত হয়েছে, যদি প্রস্তাবিত সহাবস্থান PEP দ্বারা অনুমোদিত হয়, সেই চূড়ান্ত অংশীদারিত্বের স্থানের তফসিল সহযোগিতার সঙ্গে ভবন পরিষদের দ্বারা চূড়ান্ত করা হবে।

পদ্ধতি

DOE, NYC শিক্ষা বিভাগের নির্দেশমূলক ফুটপ্রিন্ট (পদচিহ্ন) ("ফুটপ্রিন্ট")[1] প্রয়োগ করেছে সমস্ত স্কুল এবং / অথবা এই পরিকল্পনার অন্তর্গত কর্মসূচির রূপরেখায় নিরপেক্ষভাবে কক্ষ বরাদ্দকরণের জন্য, এবং অতিরিক্ত স্থান প্রতিটি স্কুল এবং / অথবা কর্মসূচীগুলিতে নথিভূক্ত মোট ছাত্রছাত্রী, সহাবস্থিত স্কুলগুলির নির্দেশনামূলক এবং কর্মসূচীর প্রয়োজন, এবং ভবনের মধ্যে অবস্থিত অতিরিক্ত স্থানের প্রকৃত অবস্থানের অনুপাতের উপরে ভিত্তি করে সমভাবে ভাগ করার জন্য।

শ্রেণীকক্ষ এবং প্রশাসনিক স্থান বন্টনের বাস্তবায়ন যোগ্যতা এবং ন্যায়সঙ্গতার সত্যতা প্রতিপাদন

বিদ্যালয়গুলি কোন শ্রেণি পর্যন্ত শিক্ষাদান করে এবং প্রতিটি শ্রেণিতে ক্লাসের সংখ্যা কত তার ভিত্তিতে বিদ্যালয়গুলিতে শ্রেণিকক্ষ বরাদ্দের ভিত্তি সংখ্যা নির্দিষ্ট করে দেয় এই নিশান। বিদ্যমান স্কুলগুলির জন্য, ফুটপ্রিন্টটি স্কুলটির পরিকল্পিত বর্তমান শ্রেণীর সংখ্যা এবং শ্রেণীর আকারের উপর প্রয়োগ করা হয় এবং স্থান পরিকল্পনা দফতরের প্রতিনিধি এবং স্কুল অধ্যক্ষদের দ্বারা ভবন পরিদর্শনের পর স্থির করা হয়। প্রাথমিক স্কুলগুলির ক্ষেত্রে যারা K-5 গ্রেডগুলি পরিবেশিত করে এবং একটি প্রাক-কিন্ডারগার্টেন বিভাগ উপলব্ধ করে থাকে, এই ফুটপ্রিন্ট ধরে নিচ্ছে যে শ্রেণীকক্ষগুলি স্বয়ংসম্পূর্ণ (সেলফ কনটেনড "SC"), অর্থা প্রতিটি ক্লাস সারা দিন ধরে তাদের নিজ কক্ষে থাকে, শুধুমাত্র যখন তাদের কোন ক্লাস্টার ক্রিয়াকলাপ করার সময়সূচী থাকে (যেমন অঙ্কন) অথবা লাঞ্চ, ছুটি ইত্যাদি ব্যাতীত। এছাড়াও ধরে নেওয়া হচ্ছে যে সেই সময়ে তাদের নিজ শ্রেণী কক্ষ গুলি খালি থাকে। অতএব, এই ফুটপ্রিন্ট প্রতিটি সাধারণ শিক্ষা ("GE") অথবা সুসংহত সহ-শিক্ষণ ("ICT")বিভাগের জন্য একটি পূর্ণ আকারের শ্রেণীকক্ষ এবং স্কুল দ্বারা পরিবেশিত প্রতিটি স্বয়ংসম্পূর্ণ ("SC") বিশেষ শিক্ষণ বিভাগের স্থান দেওয়ার জন্য একটি পূর্ণ আকারের অথবা অর্ধাকারের শ্রেণীকক্ষ বরাদ্দ করছে। এছাড়াও, K-5 গ্রেডগুলি পরিবেশিত করে এমন স্কুলগুলি ক্লাস্টারের বরাদ্দ পাবে অথবা বিশেষ শ্রেণীকক্ষ নথিভূক্ত ছাত্রছাত্রীর অনুপাতে বরাদ্দ পাবে। এই শ্রেণীকক্ষগুলি অধ্যক্ষের বিবেচনা অনুসারে শিল্পকলা এবং / অথবা সঙ্গীত শিক্ষণ, ও অন্যান্য জিনিসের জন্য ব্যবহার করা যাবে।

প্রাথমিক স্তরে, ক্লাস্টার শ্রেণীকক্ষগুলি নিম্নলিখিতভাবে বন্টন করা হয়ঃ

নথিভূক্তি (তর্তির সংখ্যা)	ক্লাস্টার কক্ষের সংখ্যা
1,251 এবং তারো বেশী	5
751-1,250	4
251-750	3

[1] ফুটপ্রিন্ট (পদচিহ্ন) একটি হাতিয়ার যা সকল অংশীদারদের দ্বারা DOE ভবনে স্থান ব্যবহারের মূল্যায়নের বিশ্লেষণ করতে ব্যবহার করা হয়। এর উদ্দেশ্য হল সকল স্কুলের জন্য স্থানবরাদ্দকরণ পরিকল্পনা যেন পক্ষপাতহীন এবং ন্যায়সঙ্গত ভাবে করা হয় তা সুনিশ্চিত করা। সহাবস্থানের চুক্তিতে, ফুটপ্রিন্টে রূপায়িত পরামিতিগুলি স্থান বরাদ্দকরণের সম্বন্ধে সিদ্ধান্ত নেবার একটি নির্দেশিকা হিসাবে পরিবেশিত হয়, একই সময়ে ভবনের সমস্ত ছাত্রছাত্রীদের প্রয়োজনের সবচেয়ে ভালভাবে চাহিদা পুরণের সিধান্ত নিতে ভবনের বাসিন্দাদের ক্ষমতাপ্রদান করে। DOE ফুটপ্রিন্ট পাওয়া যাবেঃ http://schools.nyc.gov/NR/rdonlyres/78D715EA-EC50-4AD1-82D1-1CAC544F5D30/0/DOEFOOTPRINTSConsolidatedVersion2011_FINAL.pdf

151-250	2
0-150	1

ষষ্ঠ থেকে দ্বাদশ গ্রেডের জন্য, ফুটপ্রিন্ট অনুমান করছে যে ছাত্রছাত্রীরা এক ক্লাস থেকে অন্য ক্লাসে যাবে এবং সেই শ্রেণীকক্ষগুলি সর্বাধিক কার্যকর হিসাবে ব্যবহার করার জন্য পরিকল্পিত করা হবে। শিক্ষক/শিক্ষিকাদের জন্য নির্দিষ্ট মনোনীত শ্রেণিকক্ষ থাকা প্রয়োজন বলে নিশান মনে করে না। অধ্যক্ষদের তাঁদের বিদ্যালয়গুলিকে দক্ষতার সঙ্গে সুসংগঠিত করতে বলা হচ্ছে যাতে শ্রেণিকক্ষগুলিকে সমগ্র শিক্ষাবর্ষ জুড়ে একাধিক উদ্দেশ্যে ব্যবহার করা যায়।

ফুটপ্রিন্টটি ছাত্রছাত্রীদের সহায়তা পরিষেবার জন্য একটি স্কুলদ্বারা পরিবেশিত গ্রেড এবং এর নথিভূক্তকরণের পরিমাপের উপর ভিত্তি করে প্রাথমিক পূর্ণ আকারের সমতুল্য ("FSE") শ্রেণীকক্ষ, পরিসম্পদ কক্ষ এবং প্রশাসনিক স্থানের সংখ্যা বরাদ্দ করে।

জেলা 75 কার্যক্রমগুলির জন্য স্থান বরাদ্দ করা হয় DOE-এর জেলা 75 নির্দেশিকামূলক ফুটপ্রিন্ট ("D75 ফুটপ্রিন্ট") অনুযায়ী। D75 কার্যক্রমগুলি আরও ভাগ করে নেওয়া স্থানের অধিগম্যতা প্রদান করে যেমন ব্যায়ামাগার (জিমন্যাসিয়াম), গ্রন্থাগার (লাইব্রেরী), প্রেক্ষাগৃহ (অডিটোরিয়াম), এবং ভোজনালয় (ক্যাফেটেরিয়া), এবং এমন স্থানগুলি যেমন OT/PT কক্ষ, সেবিকার কার্যালয় ইত্যাদি অথবা তুলনামূলক উদ্দেশ্যে স্থান উপলব্ধ করে। উপরন্তু, যেখানে জেলা 75 কার্যক্রমগুলি অন্যান্য সংস্থাগুলির সঙ্গে সহাবস্থিত, সেই ভবনের অতিরিক্ত স্থান ছাত্রছাত্রী নথিভূক্তকরণের একটি শতকরা হিসাবের উপর নির্ভরকরে সমস্ত সংস্থাগুলির মধ্যে সমানভাবে বিতরণ করে দেওয়া হবে, শুধুমাত্র এটা ব্যাতীত যে জেলা 75 কার্যক্রমে অতিরিক্ত স্থানের বরাদ্দ ছাত্রছাত্রীর সংখ্যার উপরে ভিত্তি করে দেওয়ার পরিবর্তে ছাত্রছাত্রীদের বিভাগের সংখ্যার উপর ভিত্তি করে দেওয়া হবে।

ফুটপ্রিন্ট একটি প্রাথমিক স্থান বরাদ্দ ঘোষণা করলেও, স্কুল নেতারা স্কুলের জন্য বরাদ্দ স্থানের কিভাবে সদ্ব্যবহার করবেন তার সিদ্ধান্ত নিতে ক্ষমতাপ্রদত্ত। প্রতিটি অধ্যক্ষ, সুতরাং, স্কুলের বরাদ্দ স্থানের মধ্যে কিভাবে এবং কোথায় ছাত্রছাত্রীদের পরিবেশন করা হবে তার সম্বন্ধে অবশ্যই সিদ্ধান্ত নেবেন। যদিও, প্রতিটি ছাত্রছাত্রীর প্রয়োজনীয় সহায়তা দেবার জন্য ক্ষমতা সর্বাধিক করার জন্য এবং ছাত্রছাত্রীদের বিশেষ শিক্ষণ এবং ত□সংক্রান্ত পরিষেবার যথাযথ বিতরণ চালিয়ে নিয়ে যাওয়ার জন্য স্থানগুলির কার্যকরভাবে ব্যবহার সুনিশ্চিত করতে DOE স্কুলগুলিকে সহায়তা প্রদান করবে। যেখানে উপযুক্ত হবে, স্কুল নেতাদের কাছে একটি সুযোগ আছে বিশেষ শিক্ষণের কার্যালয়, যা প্রতিবন্ধীদের ছাত্রদের জন্য ইতিবাচক শিক্ষা ফলাফল প্রসারে নিবেদিত, তার নির্দেশিকা এবং অভিজ্ঞতা প্রস্তুত করা।

শ্রেণীকক্ষ এবং প্রশাসনিক স্থানের বন্টন

20 আগস্ট 2013-এ স্থান পরিকল্পনার কার্যালয়ের একজন প্রতিনিধি দ্বারা পরিচালিত একটি ভবন পরিদর্শণ এবং ডেস্ক পর্যালোচনা সমীক্ষা অনুসারে, K218 ভবনে মোট 63টি পূর্ণ আকারের শ্রেণীকক্ষ / স্থান (যার মধ্যে তিনটি সম্পূর্ণ আকারের বিজ্ঞান হাতে কলমে করে দেখানোর গবেষণাগার) [2] 13টি অর্ধাকারের শ্রেণীকক্ষ[3] 3টি একচতুর্থাংশ আকারের কক্ষ,[4] এবং 3.5 FSE কক্ষ যা পরিকল্পিত প্রশাসন কার্যালয় / স্থানের সমতুল্য, যা প্রশাসনিক কার্যালয় / স্থান হিসাবে কাজে লাগানো যেতে পারে।[5] K218 ভবনে এছাড়াও একটি ব্যায়ামাগার (জিমন্যাসিয়াম), প্রেক্ষাগৃহ (অডিটোরিয়াম), ভোজনালয় (ক্যাফেটেরিয়া), গ্রন্থাগার (লাইব্রেরী), এবং সরঞ্জাম সহ একটি ক্ষুদ্র খেলার প্রাঙ্গন রয়েছে। নিম্নলিখিত কক্ষগুলি ভবন পরিষেবার জন্য ব্যবহৃত হয় অথবা তা ভাগ করে নেওয়া স্থানের মধ্যে পরেঃ[6]

- একটি নির্দেশনামূলক বিকন কার্জক্রম রয়েছে যা বর্তমানে একটি পূর্ণ আকারের শ্রেণীকক্ষে পরিচালিত হচ্ছে।
- ভাগ করে নেওয়া হয় এমন নৃত্য কক্ষ (ড্যান্স স্টুডিও) একটি পূর্ণ আকারের শ্রেণীকক্ষ / স্থানে অবস্থিত;
- সেবিকার কার্যালয় একটি পূর্ণ আকারের শ্রেণীকক্ষ / স্থানে অবস্থিত;
- তত্ত্বাবধায়কের কার্যালয় একটি অর্ধ আকারের শ্রেণীকক্ষ / স্থানে অবস্থিত;
- শিক্ষকদের ভাগ করে নেওয়া লাউঞ্জটি একটি অর্ধ আকারের শ্রেণীকক্ষ / স্থানে অবস্থিত;

[2] সম্পূর্ণ আকারের শ্রেণীকক্ষগুলির 500 বর্গ ফুট অথবা তারো বেশী ক্ষেত্রফল আছে।

[3] অর্ধ আকারের শ্রেণীকক্ষগুলির ক্ষেত্রফল 500 বর্গ ফুটের চেয়ে ছোট কিন্তু 239 বর্গফুটের চেয়ে ভাল।

[4] এক চতুর্থাংশ আকারের কক্ষগুলি 239 বর্গ ফুটের চেয়ে কম।

[5] 27শে জুন, 2011 তারিখে অনুমোদিত BUP-এর থেকে কক্ষের গণণা বদলে গেছে, কারন ভবনে নির্মাণকার্য সংগঠিত হওয়ার জন্য।

[6] দি স্কুল ফর ক্লাসিকসের বিজ্ঞান গবেষনাগার ব্যবহার করার স্বতন্ত্র অধিকার আছে, যা BUP-এ, যা 27শে জুন, 2011 তারিখে অনুমোদিত বর্ণনা অনুযায়ী আদিতে তা সর্বসাধারণের হিসাবে ভাগ করে নেওয়া স্থানগুলির মধ্যে ছিল। এই কক্ষটি দি স্কুল ফর ক্লাসিকসের পূর্ণ কক্ষ বরাদ্দে অন্তর্ভূক্ত আছে। অন্যান্য দুটি বিজ্ঞান গবেষণাগার জে.এই.এস. 218-এর জন্য বরাদ্দ এবং এগুলি তার পূর্ণ আকারের কক্ষের বরাদ্দের মধ্যে অন্তর্ভূক্ত করা হয়েছে।

উপরে দেখানো কক্ষগুলি ব্যতীত, K218 ভবনটিতে মোট 60টি পূর্ণ আকারের শ্রেণীকক্ষ (যাদের মধ্যে রয়েছে দুটি পূর্ণ আকৃতির বিজ্ঞান গবেষণাগার), 11টি অর্ধাকার শ্রেণীকক্ষ / স্থান, এবং 3.5 পরিকল্পিত প্রশাসনিক কার্যালয় / স্থান রয়েছে যা স্কুলগুলির মধ্যে বন্টিত করা হবে।

2013-2014 সালের সংক্ষিপ্ত বিবরণ	FS	HS	QS	পরিকল্পিত প্রশাসনিক স্থান (FSE)
K218 ভবন	63	13	3	3.5
ভাগাভাগি করে নেওয়া স্থান অথবা ভবনের পরিষেবা	3	2	0	0.0
বাকী মোট বন্টন করা হবে	**60**	**11**	**3**	**3.5**

2013-2014 (বর্তমান স্কুল শিক্ষাবর্ষ)

নিচের তালিকায় মোট নথিভূক্তকরণ এবং জে.এই.এস. 218, দি স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাস-এ পরিবেশিত বিভাগগুলির সারাংশ দেওয়া হল।

2013-2014	মোট নথিভূক্তকরণ[7]	GE/ICT বিভাগ	SC বিভাগ
জে.এই.এস. 218	462	16	5
দ্য স্কুল ফর ক্লাসিক্স	298	12	0
ইনভিক্টাস[8]	233	9	0

[7] DOE-এর নথিভূক্তকরণের হিসাব সম্ভাব্য ভর্তির উপর নির্ভরকরে। নথিভূক্তির (ভর্তির সংখ্যার) উল্লেখযোগ্য পরিবর্তনের ফলে এই পরিকল্পনা সংশোধিত করা হতে পারে।

[8] সমস্ত হিসেব 2013 সালের জুন মাসের সম্ভাব্য চার্টার উপস্থাপিত করে।

2013-2014		অপ্রশাসনিক স্থান		প্রশাসনিক স্থান				সম্পূর্ণ প্রশাসনিক স্থান (FSE)	বর্তমান স্থান বন্টনের সর্বমোট হিসাব			
		পূর্ণ আকারের কক্ষগুলি	অর্ধ আকারের কক্ষগুলি	পরিকল্পিত প্রশাসনিক স্থান (FSE)	পূর্ণ আকারের কক্ষগুলি	অর্ধ আকারের কক্ষগুলি	এক-চতুর্থাংশ আকারের কক্ষগুলি		মোট পূর্ণ আকারের কক্ষগুলি	মোট অর্ধ আকারের কক্ষগুলি	মোট এক-চতুর্থাংশ আকারের কক্ষগুলি	পরিকল্পিত প্রশাসনিক স্থান (FSE)
জে.এই.এস. 218	প্রাথমিক ফুটপ্রিন্ট বন্টন	17	7	3.5	0	0	0	3.50	17	7	0	3.5
	সমন্বিত প্রাথমিক বন্টন	18	6	3.5	0	0	0	3.50	18	6	0	3.5
	বর্তমান স্থান বন্টন	25	6	3.5	0	0	3	4.25	25	6	3	3.5
দ্য স্কুল ফর ক্লাসিক্স	প্রাথমিক ফুটপ্রিন্ট বন্টন	12	1	0.0	2	1	0	2.50	14	2	0	0.0
	বর্তমান স্থান বন্টন	17	1	0.0	2	1	0	2.50	19	2	0	0.0
ইনভিক্টাস	প্রাথমিক ফুটপ্রিন্ট বন্টন	10	1	0.0	2	1	0	2.50	12	2	0	0.0
	বর্তমান স্থান বন্টন	14	1	0.0	2	2	0	3.00	16	3	0	0.0

জে.এই.এস. 218-এর প্রাথমিক বন্টন নিচের কারণগুলির জন্য সমন্বিত করা হয়েছেঃ

- জে.এই.এস. 218 স্কুলটি যে ভবনে অবস্থিত সেই ক্ষেত্রে অর্ধাকার কক্ষের সীমিত সংখ্যার জন্য একটি অর্ধাকারের কক্ষের বদলে একটি অতিরিক্ত পূর্ণ আকারের কক্ষ বরাদ্দ করা হয়েছে।

জে.এই.এস. 218, মোট 25টি পূর্ণ আকারের কক্ষ, 6টি অর্ধাকারের কক্ষ, 3টি এক-চতুর্থাংশ আকারের কক্ষ, এবং 3.5 FCE পরিকল্পিত প্রসাশনিক / দফতরের স্থান অধিকার করে রয়েছে। স্কুল ফর ক্লাসিকসের অধিকারে মোট 19টি পূর্ণ আকারের কক্ষ, 3টি এক-চতুর্থ আকারের কক্ষ এবং 2টি অর্ধ আকারের কক্ষ রয়েছে। ইনভিক্টাস-এর অধিকারে সর্বমোট 16টি পূর্ণ আকারের কক্ষ এবং 3টি অর্ধাকার কক্ষ রয়েছে।

নিচের তালিকাটি জে.এই.এস. 218, দি স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাস তাদের নিজনিজ প্রাথমিক অথবা সমন্বিত প্রাথমিক ফুটপ্রিন্ট বন্টন গ্রহণ করার পর K218-এর মধ্যের উপলব্ধ স্থানের একটি সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হলঃ

2013-2014	পূর্ণ আকারের কক্ষগুলি	অর্ধ আকারের কক্ষগুলি	এক-চতুর্থাংশ আকারের কক্ষগুলি	পরিকল্পিত প্রশাসনিক স্থান (FSE)
প্রাথমিক বন্টনে অতিরিক্ত স্থান	16	1	3	0.0

2014-2015: (প্রস্তাবিত বাস্তবায়নে প্রথম এবং চূড়ান্ত বর্ষ):

নিচের তালিকায় 2014-2015 শিক্ষাবর্ষে মোট সম্ভাব্য নথিভুক্তিকরণ এবং প্রতিটি স্কুলে পরিবেশিত বিভাগের সম্ভাব্য সংখ্যার সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হলঃ

2014-2015	সম্ভাব্য নথিভুক্তিকরণ[9]	GE/ICT বিভাগ	SC বিভাগ
জে.এই.এস. 218	380 - 410	14	5
দ্য স্কুল ফর ক্লাসিক্স	280 - 320	12	0
ইনভিক্টাস[10]	320 - 420	12	0

জে.এই.এস. 218-এর পর দি স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাস তাদের নিজ নিজ প্রাথমিক অথবা সমন্বিত প্রাথমিক কক্ষের বরাদ্দ গ্রহণ করেছে। নিচে, যে কক্ষগুলি এখনও অবন্টিত রয়েছে তাদের সংখ্যা দেওয়া হলঃ

2014-2015	পূর্ণ আকারের কক্ষগুলি	অর্ধ আকারের কক্ষগুলি	এক-চতুর্থাংশ আকারের কক্ষগুলি	পরিকল্পিত প্রশাসনিক স্থান (FSE)
সমন্বিত প্রাথমিক ফুটপ্রিন্ট বরাদ্দে অতিরিক্ত স্থান	14	2	3	0.5

জে.এই.এস. 218, দি স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাসের মধ্যে অতিরিক্ত স্থান বরাদ্দ করা হবে প্রাথমিকভাবে উপলব্ধ স্থানের বাস্তবিক অবস্থান এবং ভবনের অভ্যন্তরে প্রতিটি স্কুলের অবস্থানের সাপেক্ষে এবং তারপর তাদের বর্তমান স্থানের ব্যবহার এবং স্কুলগুলির নথিভূক্তকরণের উপর ভিত্তি করে। ভবনের বাস্তবিক বহিঃবিন্যাস, অন্যান্য স্কুলগুলির সাপেক্ষে জে.এই.এস. 218-এর ভবনে বর্তমান অবস্থান এবং স্থানের বর্তমান ব্যবহারের কারণে, অতিরিক্ত স্থানের অধিকাংশই জে.এই.এস. 218-এর জন্য বরাদ্দ করা হবে।

নিচের তালিকাটি জে.এই.এস. 218, দি স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাসের জন্য তাদের নিজ নিজ নিজ প্রাথমিক এবং সমন্বিত প্রাথমিক ফুটপ্রিন্ট বরাদ্দের উপর ভিত্তি করে 2014-2015 শিক্ষাবর্ষের জন্য সম্পূর্ণ কক্ষ বরাদ্দের পরিকল্পনা এবং তার সাথে অতিরিক্ত স্থানের বরাদ্দের সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হলঃ

[9] DOE-এর নথিভূক্তকরণের হিসাব সম্ভাব্য ভর্তির উপর নির্ভরকরে। নথিভূক্তির (ভর্তির সংখ্যার) উল্লেখযোগ্য পরিবর্তনের ফলে এই পরিকল্পনা সংশোধিত করা হতে পারে।
[10] সমস্ত হিসেব 2013 সালের জুন মাসের সম্ভাব্য চার্টার উপস্থাপিত করে।

2014-2015		অপ্রশাসনিক স্থান		প্রশাসনিক স্থান				সম্পূর্ণ প্রশাসনিক স্থান (FSE)	অতিরিক্ত (মাত্রাধিক) বন্টন				সর্বমোট স্থান বন্টন			
		পূর্ণ আকারের কক্ষগুলি	অর্ধ আকারের কক্ষগুলি	পরিকল্পিত প্রশাসনিক স্থান (FSE)	পূর্ণ আকারের কক্ষগুলি	অর্ধ আকারের কক্ষগুলি	এক-চতুর্থাংশ আকারের কক্ষগুলি		অতিরিক্ত পূর্ণ আকারের কক্ষগুলি	অতিরিক্ত অর্ধ আকারের কক্ষগুলি	অতিরিক্ত এক-চতুর্থাংশ আকারের কক্ষগুলি	অতিরিক্ত পরিকল্পিত প্রশাসনিক স্থান (FSE)	মোট পূর্ণ আকারের কক্ষগুলি	মোট অর্ধ আকারের কক্ষগুলি	মোট এক-চতুর্থাংশ আকারের কক্ষগুলি	মোট পরিকল্পিত প্রশাসনিক স্থান (FSE)
জে.এইচ.এস. 218	প্রাথমিক ফুটপ্রিন্ট বন্টন	15	7	3.0	0	0	0	3.0	0	0	0	0.0	15	7	0	3.0
	সমন্বিত প্রাথমিক বন্টন	16	6	3.0	0	0	0	3.0	9	0	3	0.5	25	6	3	3.5
দ্য স্কুল ফর ক্লাসিক্স	প্রাথমিক ফুটপ্রিন্ট বন্টন	12	1	0.0	2	1	0	2.5	5	0	0	0.0	19	2	0	0.0
ইনভিক্টাস	প্রাথমিক ফুটপ্রিন্ট বন্টন	13	1	0.0	3	0	0	3.0	0	2	0	0.0	16	3	0	0.0

জে.এইচ.এস. 218-এর প্রাথমিক বন্টন নিচের কারণগুলির জন্য সমন্বিত করা হয়েছেঃ

- ভবনের বাস্তবিক বহিঃবিন্যাস, 218 স্কুলটি যে ভবনে অবস্থিত সেই ক্ষেত্রে অর্ধাকার কক্ষের সীমিত সংখ্যার জন্য একটি অর্ধাকারের কক্ষের বদলে একটি অতিরিক্ত পূর্ণ আকারের কক্ষ বরাদ্দ করা হয়েছে।

জে.এইচ.এস. 218 সর্বমোট 25টি পূর্ণ আকারের কক্ষ, 6টি অর্ধাকারের কক্ষ, 3টি একচতুর্থাংশ আকারের কক্ষ এবং 3.5 FSE পরিকল্পিত প্রশাসনিক / কার্যালয়ের স্থান অধিকার করবে। দি স্কুল ফর ক্লাসিকস সর্বমোট 19টি পূর্ণ আকারের কক্ষ এবং 2টি অর্ধাকারের কক্ষ অধিকার করবে। ইনভিক্টাস সর্বমোট 16টি পূর্ণ আকারের কক্ষ এবং 3টি অর্ধাকারের কক্ষ অধিকার করবে।

নিচে 2014-2015 স্কুলবর্ষের জন্য 2013-2014 স্কুলবর্ষের সাপেক্ষে কক্ষের পরিবর্তন অভিব্যক্ত করা হলঃ

কক্ষ পরিবর্তন (+/-)	বর্তমান 2013-2014 স্কুলবর্ষের সর্বমোট স্থান বরাদ্দকরণ				প্রস্তাবিত 2014-2015 স্কুলবর্ষের সর্বমোট স্থান বরাদ্দকরণ				বছরের পর বছর পরিবর্তন (+/-)			
	পূর্ণ আকারের কক্ষগুলি	অর্ধ আকারের কক্ষগুলি	এক-চতুর্থাংশ আকারের কক্ষগুলি	পরিকল্পিত প্রশাসনিক স্থান (FSE)	পূর্ণ আকারের কক্ষগুলি	অর্ধ আকারের কক্ষগুলি	এক-চতুর্থাংশ আকারের কক্ষগুলি	পরিকল্পিত প্রশাসনিক স্থান (FSE)	পূর্ণ আকারের কক্ষগুলি	অর্ধ আকারের কক্ষগুলি	এক-চতুর্থাংশ আকারের কক্ষগুলি	পরিকল্পিত প্রশাসনিক স্থান (FSE)
ভবনের বাস্তবিক বহিঃবিন্যাস, 218	25	6	3	3.5	25	6	3	3.5	0	0	0	0
দ্য স্কুল ফর ক্লাসিক্স	19	2	0	0.0	19	2	0	0.0	0	0	0	0
ইনভিক্টাস	16	3	0	0.0	16	3	0	0.0	0	0	0	0

এটাই সব স্কুলগুলির জন্য চূড়ান্ত কক্ষ বরাদ্দকরণ। **ভাগাভাগি করে নেওয়া স্থানের পরিকল্পনা**

2014-2015 শিক্ষাবর্ষের জন্য প্রস্তাবিত একটি স্থান ভাগাভাগির পরিকল্পনা নিচে দেওয়া হলঃ নিচের পরিকল্পনাটি K218 ভবনের প্রতিটি সহাবস্থিত স্কুলগুলি তাদের প্রতিটি ভাগাভাগি করে নেওয়া স্থানে যতটা সময় বরাদ্দ এবং 2013-2014 স্কুল শিক্ষাবর্ষে জে.এই.এস. 2018, দি স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাস দ্বারা ব্যবহৃত ভবন পরিষদ দ্বারা রূপায়িত বর্তমান স্থান বরাদ্দের পরিকল্পনার উপর ভিত্তি করে সৃষ্টি হয়েছে। যদি সহাবস্থিত স্কুলগুলি মনে করে যে ভাগাভাগি করে নেওয়া স্থানের সংশোধন প্রয়োজন, প্রস্তাবিত সহাবস্থান PEP-এর দ্বারা অনুমোদনের পর, সহযোগিতার সঙ্গে সেই পরিবর্তনগুলির খসড়া প্রস্তুত করা হবে এবং ভবন পরিষদের সঙ্গে ঐক্যমত্যে আসতে হবে।

<u>প্রস্তাবিত ভাগকরে নেওয়া স্থান পরিকল্পনার বাস্তবায়ন যোগ্যতা এবং ন্যায়সঙ্গতার সত্যতা প্রতিপাদন</u>
এই প্রস্তাবিত স্থান ভাগ করে নেওয়ার পরিকল্পনাটি জনসংখ্যার আকার এবং অন্যান্য প্রাসঙ্গিক পরিস্থিতি উপর নির্ভরকরে, প্রত্যেকটি সহাবস্থিত স্কুলের জন্য নিচে বিস্তারিত বিবরণ দেওয়া হল। যদিও DOE প্রস্তাবিত করেছে কিভাবে ভবনে ভাগ করে নেওয়া স্থানগুলি ব্যবহার করা হবে, প্রতিটি স্কুলের মধ্যে সমস্ত বিশেষ জনসংখ্যা অথবা গোষ্ঠীর জন্য নির্দিষ্ট কার্যক্রমের প্রয়োজনের স্থান দেওয়ার জন্য যা বাস্তবোচিত এবং ন্যায়সঙ্গত, ভবন পরিষদ প্রস্তাবিত ভাগ করে নেওয়া স্থান পরিকল্পনা থেকে সরে যেতে পারে, এই শর্তে যে ভবন পরিষদ সহযোগিতার সঙ্গে চূড়ান্ত ভাগ করে নেওয়া স্থানের সঙ্গে ঐক্যমতে আসে। (বিশেষ দ্রষ্টব্যঃ ভবন পরিষদ ভাগ করে নেওয়া স্থানের পরিকল্পনা এবং তার সময়সূচী বার্ষিক ভিত্তিতে নথিভূক্তকরণের কোন পরিবর্তন অথবা কার্যক্রমের প্রয়োজনের কারণ দর্শিয়ে পুনঃবিবেচনা করে দেখতে পারে। যদি মতবিরোধের উত্থান হয় এবং অগ্রগতি ক্ষতিগ্রস্থ হয়, ভবন পরিষদ নিচের লিঙ্কে উপলব্ধ বিদ্যায়তনের নীতির মেমোতে রূপায়িত বিবাদ মীমাংসার পদ্ধতি অবলম্বন করবে। http://schools.nyc.gov/community/campusgov).

নিচের সময়সূচী রূপরেখা দেয় কিভাবে জে.এই.এস. 218, দি স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাস বর্তমানে ভাগ করে নেওয়া স্থানে সময় বরাদ্দ করার সিদ্ধান্ত নিয়েছে। নিচের ভাগ করে নেওয়া স্থানের সময়সূচী প্রতিটি সহাবস্থিত স্কুলের সম্ভাব্য নথিভূক্তকরণ, প্রতি ভাগ করে নেওয়া স্থানের মোট ধারণক্ষমতা, প্রতিটি সহাবস্থিত স্কুলের দ্বারা পরিবেশিত গ্রেডগুলি এবং একটি নিয়মিত স্কুল দিবসে ছাত্র পরিবহন কার্যালয়ের বাসের সময়সূচীর উপর নির্ভরকরে স্কুল শুরু এবং সমাপ্তির বিবেচনা করে দেখবে।[11] যেখানে সম্ভব, প্রস্তাবিত সময়সূচী প্রতিটি ভাগ করে নেওয়া স্থানের জন্য স্কুলের বর্তমান সময় বরাদ্দ বজায় রেখে চলবে।[12]

কিভাবে জে.এই.এস. 218, দি স্কুল ফর ক্লাসিকস, এবং ইনভিক্টাস তাদের ভাগ করে নেওয়া স্থান ব্যবহার করবে তার পরিকল্পনায়, DOE উপরে বর্ণিত পরিস্থিতিগুলির মধ্যে কিছু অথবা সবগুলি প্রয়োগ করে একটি প্রস্তাবিত পরিকল্পনার বিকাশ করবে যা প্রতিটি স্থানে সমভাবে সময় বরাদ্দ করে।

ভোজনালয় (ক্যাফেটেরিয়া):

- ভবনের মধ্যে একটি ক্যাফেটেরিয়া আছে যা 750 ছাত্রছাত্রীদের পরিবেশন করতে পারে।
- প্রতিটি সংস্থার ক্যাফেটেরিয়াতে মোট বরাদ্দ সময় নির্ভর করে প্রতিটি সংস্থার ক্যাফেটেরিয়ার বর্তমান ব্যবহারের উপর। প্রতিটি সংস্থা তাদের ছাত্রছাত্রীদের ক্যাফেটেরিয়ায় প্রস্তাবিত সময়ের বরাদ্দ অনুসারে স্থান দিতে পারবে।
- প্রাতঃরাশ করার বিষয়ে, DOE লক্ষকরেছে যে প্রথাগতভাবে সব ছাত্রছাত্রী প্রাতঃরাশ কর্মসূচীতে অংশগ্রহণ নির্বাচিত করে না। নিচের প্রস্তাবিত সময়সূচীতে, জে.এই.এস. 218 এবং দি স্কুল ফর ক্লাসিকসদের প্রতিদিন একঘন্টার সময় বরাদ্দ করা হয়েছে প্রাতঃরাশের জন্য এবং ইনভিক্টাসকে প্রাতঃরাশের জন্য প্রতিদিন 30 মিনিট করে বরাদ্দ করা হয়েছ, স্কুলের বর্তমান সময়সূচী অনুসারে।
- জে.এইচ.এস. 218 এবং দি স্কুল ফর ক্লাসিকস বর্তমানে প্রাতঃরাশের জন্য ক্যাফেটেরিয়া ব্যবহার করে সকাল 7:30 থেকে সকাল 8:30 পর্যন্ত (প্রতিদিন 60 মিনিট)। ইনভিক্টাস বর্তমানে প্রাতঃরাশের জন্য ক্যাফেটেরিয়া ব্যবহার করে সকাল 7:30 থেকে সকাল 8:00 পর্যন্ত (প্রতিদিন 30 মিনিট)। প্রস্তাবিত সময়সূচী জে.এই.এস. 218, দি স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাসকে তাদের বর্তমান সময়সূচী অনুসারে প্রাতঃরাশ পরিবেশন চালিয়ে যাওয়ার অনুমতি দিচ্ছে।
- মধ্যাহ্নভোজনের (লাঞ্চ) ক্ষেত্রে, প্রস্তাবিত সময়সূচী জে.এই.এস. 218, দি স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাসকে তাদের বর্তমান সময়সূচীর মতই মধ্যাহ্নভোজ (লাঞ্চ) পরিবেশন চালিয়ে যাওয়ার অনুমতি দিচ্ছে, যা স্কুল ফুড ওয়েবসাইটে দেওয়া আছে।[13,14,15]
- DOE প্রস্তাব দিচ্ছে যে জে.এই.এস. 218 মধ্যাহ্নভোজের জন্য ক্যাফেটেরিয়া ব্যবহার করুক দুপুর 12:00 থেকে দুপুর 1:30 পর্যন্ত (প্রতিদিন 1 ঘণ্টা 30 মিনিট, অথবা সপ্তাহে 7.5 ঘণ্টা), দি স্কুল ফর ক্লাসিকস ক্যাফেটেরিয়া ব্যবহার করবে সকাল 10:20 – সকাল 11:10 পর্যন্ত (প্রতিদিন 50 মিনিট, অথবা সপ্তাহে 4.7 ঘণ্টা), এবং ইনভিক্টাস ক্যাফেটেরিয়া ব্যবহার করবে সকাল 11:15 – সকাল 11:55 পর্যন্ত (প্রতিদিন 40 মিনিট, অথবা সপ্তাহে 3.3 ঘণ্টা)।

---

[11] DOE-এর ছাত্রছাত্রী পরিবহন কার্যালয়ের ওয়েবসাইট দেখুনঃ https://www.opt-osfns.org/opt/Resources/SchoolRouteStSearch/SearchResult.aspx

[12] বার্ষিক ভিত্তিতে প্রতিটি ভবন পরিষদ বিদ্যায়তনের নীরিক্ষা বরিষ্ঠ তদারকি সুপারিন্টেন্ডেন্টের কার্যালয়ে জমা দেবে। ভাগ করে নেওয়া স্থানের সময়সূচীর মত ভবন পরিষদের সিদ্ধান্তগুলির যৌথ পরিকল্পনা এবং বাস্তবায়ন বিদ্যায়তনের নীরিক্ষায় নথিভূক্ত করা হবে।

[13] জে.এইচ.এস. 218 এর বর্তমান ফুড সময়সূচী এখানে পাওয়া যাবেঃ http://www.opt-osfns.org/3:schoolfood/sch_search/schfood.aspx?cfoodsch=19218

[14] দি স্কুল ফর ক্লাসিকসের বর্তমান ফুড সময়সূচী এখানে পাওয়া যাবেঃ http://www.opt-osfns.org/3:schoolfood/sch_search/schfood.aspx?cfoodsch=19683

[15] ইনভিক্টাসের মধ্যাহ্নভোজের জন্য স্কুল-প্রতিবেদিত তথ্য।

- ভবন পরিষদ বিকল্প ব্যবস্থা গ্রহণে ক্ষমতা প্রদত্ত।

ব্যায়ামাগার, গ্রন্থাগার, প্রেক্ষাগৃহ এবং বিজ্ঞান গবেষণাগার

ব্যায়ামাগার (জিমন্যাসিয়াম)

- ভবনে একটি ব্যায়ামাগার (জিমন্যাসিয়াম) আছে যা 812টি ছাত্রছাত্রীকে পরিবেশন করতে পারে।

- DOE প্রস্তাব দিচ্ছে যে, স্কুলের আপেক্ষিক নথিভূক্তকরণের উপর ভিত্তি করে, জে.এই.এস. 218কে প্রতি সপ্তাহে জিমে 12.5 ঘন্টা, দি স্কুল ফর ক্লাসিকসকে প্রতি সপ্তাহে জিমে 12.5 ঘন্টা এবং ইনভিক্টাসকে প্রতি সপ্তাহে জিমে 12.5 ঘন্টা বরাদ্দ করা হোক।

- যদিও, এটা মনে রাখা দরকার যে ভবন পরিষদ অন্য একটি সময়সীমায় রাজী হয়েছে যেখানে জে.এই.এস. 218কে প্রতি সপ্তাহে জিমে 13.92 ঘন্টা, দি স্কুল ফর ক্লাসিকসকে প্রতি সপ্তাহে জিমে 11.58 ঘন্টা এবং ইনভিক্টাসকে প্রতি সপ্তাহে জিমে 8.25 ঘন্টা বরাদ্দ করা। ভবন পরিষদ হয়ত তার বর্তমান জিম এর সময়সূচী অনুসারে চলতে রাজী থাকে এবং DOE-এর প্রস্তাবিত সময় বরাদ্দকরণ নাও গ্রহণ করতে পারে।

- ভবন পরিষদ ক্ষমতা প্রদত্ত অতিরিক্ত স্থানে এবং বিকল্প স্থানের পরিবর্তন করতে পারবে।

নৃত্য কক্ষ (ড্যান্স রুম)

- এই ভবনে একটি নৃত্য কক্ষ (ড্যান্স রুম) আছে।

- DOE প্রস্তাব দিচ্ছে যে, স্কুলের আপেক্ষিক নথিভূক্তকরণের উপর ভিত্তি করে, জে.এই.এস. 218কে প্রতি সপ্তাহে ড্যান্স রুমে 12.5 ঘন্টা, দি স্কুল ফর ক্লাসিকসকে প্রতি সপ্তাহে ড্যান্স রুমে 10 ঘন্টা এবং ইনভিক্টাসকে প্রতি সপ্তাহে নৃত্য 12.5 ঘন্টা বরাদ্দ করা হয়েছে।

- যদিও, ভবন পরিষদ ভিন্ন সময়সূচীতে রাজি হয়েছে, যেখানে জে.এই.এস. 218কে প্রতি সপ্তাহে ড্যান্স রুমে 13.92 ঘন্টা, দি স্কুল ফর ক্লাসিকসকে প্রতি সপ্তাহে ড্যান্স রুমে 19:92 ঘন্টা এবং ইনভিক্টাসকে ড্যান্স রুমে মঙ্গল বার এবং শুক্রবার স্কুলছুটির পর। ভবন পরিষদ হয়ত তার বর্তমান নৃত্যশালার সময়সূচী অনুসারে চলতে রাজী থাকে এবং DOE-এর প্রস্তাবিত সময় বরাদ্দকরণ নাও গ্রহণ করতে পারে।

- ভবন পরিষদ ক্ষমতা প্রদত্ত অতিরিক্ত স্থানে এবং বিকল্প স্থানের পরিবর্তন করতে পারবে।

গ্রন্থাগার (লাইব্রেরী)

- এই ভবনে একটি গ্রন্থাগার (লাইব্রেরী) আছে।

- DOE প্রস্তাব দিচ্ছে যে, স্কুলের আপেক্ষিক নথিভূক্তকরণের উপর ভিত্তি করে, জে.এই.এস. 218কে প্রতি সপ্তাহে লাইব্রেরীতে 12.5 ঘন্টা, দি স্কুল ফর ক্লাসিকসকে প্রতি সপ্তাহে লাইব্রেরীতে 10 ঘন্টা এবং ইনভিক্টাসকে প্রতি সপ্তাহে লাইব্রেরীতে 12.5 ঘন্টা বরাদ্দ করা হয়েছে।

- যদিও, ভবন পরিষদ ভিন্ন সময়সূচীতে রাজি হয়েছে, যেখানে জে.এই.এস. 218কে লাইব্রেরিতে প্রতিদিন 6 ঘন্টা 20 মিনিট (সপ্তাহে 31.5 ঘন্টা) এবং অন্য দুটি স্কুলকে যখন প্রয়োজন হয় তখন ভিত্তিতে। ভবন পরিষদ হয়ত তার বর্তমান লাইব্রেরির সময়সূচী অনুসারে চলতে রাজী থাকে এবং DOE-এর প্রস্তাবিত সময় বরাদ্দকরণ নাও গ্রহণ করতে পারে।

- ভবন পরিষদ ক্ষমতা প্রদত্ত অতিরিক্ত স্থানে এবং বিকল্প স্থানের পরিবর্তন করতে পারবে।

প্রেক্ষাগৃহ

- ভবনে একটি প্রেক্ষাগৃহ আছে যা 616টি ছাত্রছাত্রীকে পরিবেশিত করে।

- DOE প্রস্তাব দিচ্ছে যে, স্কুলের আপেক্ষিক নথিভূক্তকরণের উপর ভিত্তি করে, জে.এই.এস. 218কে প্রতি সপ্তাহে প্রেক্ষাগৃহে 12.5 ঘন্টা, দি স্কুল ফর ক্লাসিকসকে প্রতি সপ্তাহে প্রেক্ষাগৃহে 12.5 ঘন্টা এবং ইনভিক্টাসকে প্রতি সপ্তাহে প্রেক্ষাগৃহে 12.5 ঘন্টা বরাদ্দ করা হয়েছে।

- যদিও, ভবন পরিষদ ভিন্ন সময়সূচীতে রাজি হয়েছে, যেখানে দি স্কুল ফর ক্লাসিকসকে প্রতি দিন প্রেক্ষাগৃহে 19:5 ঘন্টা এবং অন্য দুটি স্কুলকে যখন প্রয়োজন হয় তখন ভিত্তিতে। ভবন পরিষদ হয়ত তার বর্তমান লাইব্রেরির সময়সূচী অনুসারে চলতে রাজী থাকে এবং DOE-এর প্রস্তাবিত সময় বরাদ্দকরণ নাও গ্রহণ করতে পারে।

- ভবন পরিষদ ক্ষমতা প্রদত্ত অতিরিক্ত স্থানে এবং বিকল্প স্থানের পরিবর্তন করতে পারবে।

স্কুল পরবর্তী কর্মসূচি

- DOE লক্ষ করেছে যে স্কুল সময়ের পরে ভাগ করে নেওয়া স্থানগুলি বর্তমানে বরাদ্দ করা হয়নি। নিচের সময়সীমায়, DOE এই স্থান বিকেল 3:10 এর পর বরাদ্দ করছে না। সুতরাং ভবন পরিষদ এই স্থান স্কুল পরবর্তী কার্যক্রমের অন্য বরাদ্দ করতে পারে।

- ভবন পরিষদ স্কুলের পরে সমস্ত ভাগ করা স্থান ব্যবহার করার কোন অনুরোধ বিবেচনা করে দেখতে পারে এবং সমস্ত বিবাদের মীমাংসা মেটাতে পারে। ভবন পরিষদ প্রস্তাবিত ভাগ করে নেওয়া স্থান পরিকল্পনা থেকে সরে যেতে পারে, প্রতিটি স্কুলের মধ্যে সমস্ত বিশেষ জনসংখ্যা অথবা গোষ্ঠীর জন্য নির্দিষ্ট কার্যক্রমের প্রয়োজনের স্থান দেওয়ার জন্য যা বাস্তবোচিত এবং ন্যায়সঙ্গত, এই শর্তে যে ভবন পরিষদ সহযোগিতার সঙ্গে চূড়ান্ত ভাগ করে নেওয়া স্থানের সঙ্গে ঐক্যমতে আসে। এই চুক্তি হয়ত ভবনে অবস্থিত বর্তমানের স্কুলগুলির যদি তাদের সহাবস্থান স্থায়ী হয় তাহলে ভাগ করে নেওয়া স্থানের ব্যবহারের পরিবর্তন ঘটতে পারে।

2014-2015 সালে, জে.এই.এস. 218 আনুমানিক 380-410টি ছাত্রছাত্রীকে পরিবেশন করবে, দি স্কুল ফর ক্লাসিকস আনুমানিক 280-320 ছাত্রছাত্রীকে পরিবেশন করবে, এবং ইনভিক্টাস আনুমানিক 320-420 ছাত্রছাত্রীকে পরিবেশন করবে। ছাত্র পরিবহন কার্যালয়ের বাসের সময়সূচীর উপর নির্ভরকরে সবচেয়ে আগে শুরু এবং শেষে স্কুল দিবসের সমাপ্তির জন্য, জে.এই.এস. 218 স্কুল দিবস আনুমানিক সকাল 8:05 থেকে বিকেল 3:01 পর্যন্ত, এবং দি স্কুল ফর ক্লাসিকস আনুমানিক সকাল 8:05 থেকে বিকেল 3:02 পর্যন্ত[16] ইনভিক্টাস স্কুল দিবস আনুমানিক সকাল 7:30 থেকে বিকেল 4:00 পর্যন্ত চালু থাকে।[17]

নিচের স্কুল সময়সীমা এবং উপরে উল্লিখিত ব্যাখ্যাগুলির উপর নির্ভরকরে DOE বিশ্বাস করে যে প্রস্তাবিত স্থান ভাগাভাগির পরিকল্পনাটি বাস্তবায়নযোগ্য এবং প্রতিটি স্কুল, ভবনের ভাগাভাগি করা স্থানগুলির ব্যবহারে তার সামর্থ্যে সমভাবে এবং তুলনামূলকভাবে বিবেচিত হয়েছে।

[16] https://www.opt-osfns.org/opt/Resources/SchoolRouteStSearch/SearchResult.aspx
[17] ইনভিক্টাস স্কুলের সময়সূচী এখানে পাওয়া যাবেঃ http://schools.nyc.gov/SchoolPortals/19/K386/AboutUs/Schedules/default.htm

স্থান	সোমবার	মঙ্গলবার	বুধবার	বৃহস্পতিবার	শুক্রবার
ভোজনালয় (ক্যাফেটেরিয়া) (ধারণক্ষমতাঃ 750)	**প্রাতঃরাশঃ** **জে.এইচ.এস. 218** সকাল 7:30 – সকাল 8:30 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 7:30 – সকাল 8:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 8:00 **মধ্যাহ্নভোজ:** **জে.এইচ.এস. 218** দুপুর 12:00 – দুপুর 1:30 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 10:20 – সকাল 11:10 **ইনভিক্টাস** সকাল 11:15 – সকাল 11:55	**প্রাতঃরাশঃ** **জে.এইচ.এস. 218** সকাল 7:30 – সকাল 8:30 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 7:30 – সকাল 8:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 8:00 **মধ্যাহ্নভোজ:** **জে.এইচ.এস. 218** দুপুর 12:00 – দুপুর 1:30 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 10:20 – সকাল 11:10 **ইনভিক্টাস** সকাল 11:15 – সকাল 11:55	**প্রাতঃরাশঃ** **জে.এইচ.এস. 218** সকাল 7:30 – সকাল 8:30 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 7:30 – সকাল 8:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 8:00 **মধ্যাহ্নভোজ:** **জে.এইচ.এস. 218** দুপুর 12:00 – দুপুর 1:30 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 10:20 – সকাল 11:10 **ইনভিক্টাস** সকাল 11:15 – সকাল 11:55	**প্রাতঃরাশঃ** **জে.এইচ.এস. 218** সকাল 7:30 – সকাল 8:30 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 7:30 – সকাল 8:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 8:00 **মধ্যাহ্নভোজ:** **জে.এইচ.এস. 218** দুপুর 12:00 – দুপুর 1:30 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 10:20 – সকাল 11:10 **ইনভিক্টাস** সকাল 11:15 – সকাল 11:55	**প্রাতঃরাশঃ** **জে.এই.এস. 218** সকাল 7:30 – সকাল 8:30 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 7:30 – সকাল 8:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 8:00 **মধ্যাহ্নভোজ:** **জে.এইচ.এস. 218** দুপুর 12:00 – দুপুর 1:30 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 10:20 – সকাল 11:10 **ইনভিক্টাস** সকাল 11:15 – সকাল 11:55
গ্রন্থাগার (লাইব্রেরী)	**জে.এইচ.এস. 218** সকাল 10:30 – দুপুর 1:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 8:30 – সকাল 10:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 8:30 দুপুর 1:00 – দুপুর 2:30	**জে.এইচ.এস. 218** সকাল 10:30 – দুপুর 1:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 8:30 – সকাল 10:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 8:30 দুপুর 1:00 – দুপুর 2:30	**জে.এইচ.এস. 218** সকাল 10:30 – দুপুর 1:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 8:30 – সকাল 10:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 8:30 দুপুর 1:00 – দুপুর 2:30	**জে.এইচ.এস. 218** সকাল 10:30 – দুপুর 1:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 8:30 – সকাল 10:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 8:30 দুপুর 1:00 – দুপুর 2:30	**জে.এইচ.এস. 218** সকাল 10:30 – দুপুর 1:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 8:30 – সকাল 10:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 8:30 দুপুর 1:00 – দুপুর 2:30
ব্যায়ামাগার (জিমন্যাসিয়াম) (ধারণক্ষমতাঃ 812)	**জে.এইচ.এস. 218** দুপুর 12:30 – দুপুর 3:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 10:00 – দুপুর 12:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 10:00	**জে.এইচ.এস. 218** দুপুর 12:30 – দুপুর 3:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 10:00 – দুপুর 12:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 10:00	**জে.এইচ.এস. 218** দুপুর 12:30 – দুপুর 3:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 10:00 – দুপুর 12:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 10:00	**জে.এইচ.এস. 218** দুপুর 12:30 – দুপুর 3:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 10:00 – দুপুর 12:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 10:00	**জে.এইচ.এস. 218** দুপুর 12:30 – দুপুর 3:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 10:00 – দুপুর 12:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 10:00
নৃত্য কর্মশালা (ড্যান্স স্টুডিও)	**জে.এইচ.এস. 218** সকাল 8:30 – সকাল 11:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** দুপুর 1:00 – দুপুর 3:00 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 8:30 সকাল 11:30 – দুপুর 1:00	**জে.এইচ.এস. 218** সকাল 8:30 – সকাল 11:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** দুপুর 1:00 – দুপুর 3:00 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 8:30 সকাল 11:30 – দুপুর 1:00	**জে.এইচ.এস. 218** সকাল 8:30 – সকাল 11:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** দুপুর 1:00 – দুপুর 3:00 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 8:30 সকাল 11:30 – দুপুর 1:00	**জে.এইচ.এস. 218** সকাল 8:30 – সকাল 11:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** দুপুর 1:00 – দুপুর 3:00 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 8:30 সকাল 11:30 – দুপুর 1:00	**জে.এইচ.এস. 218** সকাল 8:30 – সকাল 11:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** দুপুর 1:00 – দুপুর 3:00 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 8:30 সকাল 11:30 – দুপুর 1:00

প্রেক্ষাগৃহ (ধারণক্ষমতাঃ 616)	**জে.এইচ.এস. 218** দুপুর 12:30 – দুপুর 3:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 10:00 – দুপুর 12:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 10:00	**জে.এইচ.এস. 218** দুপুর 12:30 – দুপুর 3:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 10:00 – দুপুর 12:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 10:00	**জে.এইচ.এস. 218** দুপুর 12:30 – দুপুর 3:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 10:00 – দুপুর 12:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 10:00	**জে.এইচ.এস. 218** দুপুর 12:30 – দুপুর 3:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 10:00 – দুপুর 12:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 10:00	**জে.এইচ.এস. 218** দুপুর 12:30 – দুপুর 3:00 **দ্য স্কুল ফর ক্লাসিক্স** সকাল 10:00 – দুপুর 12:30 **ইনভিক্টাস** সকাল 7:30 – সকাল 10:00

ভবনের সুরক্ষা এবং নিরাপত্তা

চ্যান্সেলরের প্রবিধান A-414 অনুসারে প্রতিটি স্কুল / বিদ্যায়তনে একটি স্কুল সুরক্ষা কমিটি থাকতেই হবে। এই কমিটি সুরক্ষা পদ্ধতি প্রতিষ্ঠা করতে, ছাত্রছাত্রী এবং কর্মচারীদের মধ্যে প্রত্যাশা এবং দায়দায়িত্বের যোগাযোগ স্থাপন করতে, এবং প্রতিরোধ ও হস্তক্ষেপ কৌশল এবং স্কুলের প্রয়োজনের উপর নির্দিষ্ট কর্মসূচি পরিকল্পনা করতে অপরিহার্য ভূমিকা পালন করে। এই কমিটি গঠিত হয়েছে স্কুল সম্প্রদায়ের বিভিন্ন সদস্যদের দ্বারা, যাদের মধ্যে রয়েছেন অধ্যক্ষ(রা); ভবনের মধ্যে সক্রিয় অন্যান্য সব কর্মসূচির পরিকল্পনাবিদ; UFT পর্যায়ের দলনেতা; তত্ত্বাবধায়ক ইঞ্জিনিয়ার / পরিকল্পনাবিদ; এবং অভ্যন্তরীণ স্কুল নিরাপত্তা III স্তর প্রতিনিধি। একটি নিরন্তর ভিত্তিতে সুরক্ষা বিষয়গুলির উপর মনোযোগ দেওয়ার জন্য এবং যখন অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা, হস্তক্ষেপ, প্রশিক্ষণ ইত্যাদির প্রয়োজন চিহ্নিত হয়, তখন অধ্যক্ষের কাছে যথাযথ প্রস্তাব সুপারিশ করতে কমিটি দায়বদ্ধ থাকে।

এছাড়াও কমিটি দায়বদ্ধ থাকে একটি সমন্বিত স্কুল নিরাপত্তার পরিকল্পনার বিকাশে যা নির্দিষ্ট করে ব্যাখ্যা দিতে পারে নির্ধারিত স্থানে সাধারণ সক্রিয়তা এবং জরুরী অবস্থার সময়ে কি কি পদ্ধতি অবলম্বন করা হবে। পরিকল্পনাটি যেন অবশ্যই শহরজুড়ে নির্দেশিত নিরাপত্তা বর্ম পরিকল্পনার সঙ্গে সঙ্গতিপূর্ণ হয়। স্কুলের মধ্যে চলা প্রতিটি কার্যক্রমে যেন অবশ্যই কার্যক্রম নির্দিষ্ট স্কুল নিরাপত্তা পরিকল্পনার তথ্যের উল্লেখ থাকে। পরিবর্তিত নিরাপত্তার প্রয়োজনীয়তা, সংস্থার এবং ভবনের অবস্থার পরিবর্তন এবং অন্যান্য পরিস্থিতির সঙ্গে তাল মেলাতে নিরাপত্তা পরিকল্পনাগুলি স্কুল নিরাপত্তা কমিটি দ্বারা প্রতিবছর সাম্প্রতিকতম তথ্যে আধুনিক করা হয়। এছাড়াও, কমিটি যেকোন সময়ে নিরাপত্তা পরিকল্পনার পরিবর্তন সুপারিশ করতে পারে, যখন নিরাপত্তার জন্য উদ্বেগের সুরাহা করার প্রয়োজন হয়। জে.এই.এস. 218, দি স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাসের সহাবস্থানে একটি নিরাপত্তার পরিকল্পনা ইতিমধ্যেই বিদ্যমান আছে।

উপরে বর্ণিত পদ্ধতির সঙ্গে সামঞ্জস্য রেখে, ইনভিক্টাসের নেতা / পরিকল্পনাকারী K218 স্কুল নিরাপত্তা কমিটির অংশ হিসাবে কাজ চালিয়ে যাবে। স্কুল নিরাপত্তা কমিটির সদস্য হিসাবে, ইনভিক্টাসের নেতা / পরিকল্পনাকারী ভবনের নিরাপত্তা পরিকল্পনা বিকাশে অংশ নেবেন এবং সুনিশ্চিত করবেন যে ইনভিক্টাসের সহাবস্থনের ফলে যদি কোন নিরাপত্তা সংক্রান্ত সমস্যা অথবা প্রয়োজন উদ্ভূত হয়, তা নিরন্তর ভাবে মনোযোগ দিয়ে বিবেচনা করা হবে। স্কুল ভবনে নিরাপদ কাজকরা সুনিশ্চিত করতে ইনভিক্টাস K218 স্কুলের সামগ্রিক নিরাপত্তা পরিকল্পনার উল্লেখ করবে।

প্রতিটি স্কুল ভবন অবশ্যই একটি ভবন প্রতিক্রিয়া দল(বিল্ডিং রেসপন্স টিম BRT) প্রতিষ্ঠা করবে যা বিদ্যায়তনের প্রতিটি স্কুল থেকে নেওয়া প্রশিক্ষিত কর্মচারী সদস্যদের নিয়ে গঠিত হবে, এবং জরুরী অবস্থার সময়ে বা বৃহ□ ভবনব্যাপী অনুষ্ঠানের সময়ে তাকে ক্রিয়াশীল করে তোলা হবে। এই দলের সদস্যদের অবশ্যই শনাক্তকরতে হবে এবং স্কুল নিরাপত্তা পরিকল্পনাতে তালিকাভূক্ত হতে হবে।

K218 স্কুলভবনের সম্পূর্ণ নিরাপত্তার পরিকল্পনা স্কুল এবং যুব বিকাশ কার্যালয়ে বরো নিরাপত্তা নির্দেশকদের কাছে জমা দিতে হবে। যদি পরিবর্তন বা সংযোজন প্রয়োজনীয় হয়, তবে স্কুল নিরাপত্তা কমিটিকে জানানো হবে। স্কুলের নিরাপত্তার পরিকল্পনাটি অনুমোদিত হয়ে গেলে, এটি চূড়ান্ত অনুমোদন এবং NYPD দ্বারা শংসা পত্র পাওয়ার জন্য NYPD তে জমা দিতে হবে।

প্রস্তাবিত যোগাযোগের কৌশল

2011 সালের বিদ্যায়তন নীতির মেমো [18] অনুযায়ী, বিদ্যায়তনে সহাবস্থিত স্কুলগুলি যেন অবশ্যই সক্রিয়ভাবে একটি ভবন পরিষদে (BC) যোগ দেয়, যা একটি বিদ্যায়তনের কাঠামো যা সেই ভবনে অবস্থিত সকল স্কুলগুলিকে প্রভাবিত করে এমন সমস্যার সমাধানে প্রশাসনিক সিদ্ধান্ত নিতে সাহায্য করে। শুধুমাত্র অধ্যক্ষরা এবং চার্টার দলনেতাগণ BC পরিবেশন করতে পারবেন। ভবনে অবস্থিত সমস্ত স্কুলগুলির মসৃণ প্রাত্যহিক পরিচালনের সঙ্গে সম্পর্কিত কোন সমস্যা এবং তারা যে ছাত্রছাত্রীদের পরিবেশিত করছে তাদের নিরাপত্তার সম্পর্কে আলোচনা এবং সমাধান করার উদ্দেশ্যে BC যেন প্রতিমাসে অবশ্যই অন্তত একবার মিলিত হয়। BC অধ্যক্ষগণ এবং চার্টার স্কুল দলনেতারা, যেখানে প্রযোজ্য, তাদের সিদ্ধান্ত, বিশেষকরে নিরাপত্তা, ভাগ করে নেওয়া স্থান, বিদ্যায়তনের সময়সূচী, বিভক্ত কর্মীদের চুক্তি এবং সুবিধাগুলির বর্ধিত ব্যবহার – এই ধরনের সমস্যাগুলি বিদ্যায়তন জুড়ে কর্মচারী, ছাত্রছাত্রী এবং তাদের পিতামাতাকে জানাবেন।

বিদ্যায়তনে যেখানে চার্টারসগুলি একটি সরকারী স্কুল ভবনে একটি অথবা তার বেশী নন-চার্টার স্কুলের বা জেলা 75 স্কুলের সঙ্গে সহাবস্থিত, চ্যান্সেলরের নীতি A-190-এ যেরূপ ঘোষিত হয়েছে, সেইরূপ একটি ভাগ করে নেওয়া স্থান কমিটি (SSC) স্কুলগুলির অধ্যক্ষদের দ্বারা প্রতিষ্ঠা করতে হবে। 28শে মে 2010 তারিখে, যা সংশোধিত চার্টার স্কুল আইনের কার্যকর দিন, তার পরে যে সমস্ত চার্টার সহাবস্থানগুলি অনুমোদিত হয়েছে তাদের ক্ষেত্রে, শিক্ষামূলক নীতির প্যানেল দ্বারা অনুমোদিত হওয়ার পর, SSC-কে ভবন ব্যবহারের পরিকল্পনার (BUP) বাস্তবায়ন পর্যালোচনা করে দেখতে হবে। সংশোধিত চার্টার স্কুল আইনের কার্যকরী হবার পূর্বে, সরকারী স্কুল ভবনে সহাবস্থিত অথবা অবস্থিত অনুমোদিত চার্টার স্কুলগুলির সম্বন্ধে, SSC সেই সকল ভবনে বর্তমান ভবনে স্থান পরিকল্পনার বাস্তবায়ন পর্যালোচনা করে দেখবে। SSC প্রতিবছরে অন্তত চার বার সভায় বসবে।

SSC প্রতিটি সহাবস্থিত স্কুলের একজন অধ্যক্ষ, একজন শিক্ষক এবং একজন বাবা মা দ্বারা গঠিত। একটি নন-চার্টার এমন স্কুলের শিক্ষক এবং পিতামাতা সদস্যের জন্য, এই ধরণের SSC সদস্য নির্বাচিত হবে স্কুলের স্কুল নেতৃত্বের দলের সংশ্লিষ্ট নির্বাচনীক্ষেত্রের সদস্য নির্বাচনের মাধ্যমে। চার্টার স্কুল নেতারা তাদের নির্বাচনক্ষেত্রে বাবা-মা এবং যারা সেই স্কুলের প্রতিনিধিত্ব করছেন এই রকম শিক্ষক। SSC সভার আলোচ্যসূচি এবং মিনিট BC এর সাথে ভাগ করে নেওয়া প্রয়োজন। SSC সদস্যরা হয়তো তাদের নির্বাচনক্ষেত্রে BUP এবং তার বিদ্যায়নে বাস্তবায়নের সম্পর্কে হয়তো যোগাযোগ করতে বলতে পারে।

[18] বিদ্যায়তনের নীতির মেমো 2011 এখানে উপলব্ধ - http://schools.nyc.gov/community/campusgov, "কী ডকুমেন্টস"-এর অধীনে।